RP-Sanjiv Goenka Group
Growing Legacies

CESC LIMITED

# সিইএসসি লিমিটেড

রেজিস্টার্ড অফিস ঃ সিইএসসি হাউস, চৌরঙ্গী স্কোয়ার, কলকাতা - ৭০০ ০০১
ওয়েবসাইট ঃ www.cesc.co.in, ই-মেল আইডি ঃ secretarial@rpsg.in
ফোন ঃ ০৩৩-২২২৫ ৬০৪০, ফ্যাক্স ঃ ০৩৩-২২২৫ ৫১৫৫
কর্পোরেট আইডেনটিটি নম্বর ঃ L31901WB1978PLC031411

## বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে যে, কোম্পানির সদস্যদের তেতাল্লিশতম বার্ষিক সাধারণ সভা (এজিএম) বুধবার, ১৮ আগস্ট ২০২১ তারিখে ভারতীয় সময় সকাল ১০.৩০টায় ভিডিও কনফারেন্সিং (ভিসি)/ অন্য অডিও ভিসুয়াল মাধ্যম (ওএভি এম) দ্বারা সদস্যদের শারীরিক উপস্থিতিতে ছাড়া অনুষ্ঠিত হবে যা কোম্পানি আইন ২০১৩ ও সংক্রান্ত নিয়মাবলি, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যাণ্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ এবং ৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০, ৫ মে ২০২০ এবং ১৩ জানায়ারী, ২০২১ তারিখে ভারত সরকারের কর্পোরেট বিষয়ক মন্ত্রক (এমসিএ) কর্তৃক যথাক্রমে প্রকাশিত সার্কুলার নম্বর ১৪/২০২০, ১৭/২০২০, ২০/২০২০, ০২/২০২১ এবং সিকিউরিটিজ অ্যাণ্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইণ্ডিয়া (সেবি) দ্বারা ১২ মে ২০২০ তারিখে জারি করা সার্কুলার নং SEBI/HO/CFD/CMD1/ CIR/P/2020/79 এবং ১৫ জানায়ারী, ২০২১ তারিখে জারি করা সার্কুলার নং SEBI/HO/CFD/CMD2/CIR/ P/2021/11-এর নির্দেশিকা মেনে আয়োজন করা হবে।

কোম্পানি বা সেন্ট্রাল ডিপোজিটরি সিকিউরিটিজ (ইণ্ডিয়া) লিমিটেড/ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)-এর কাছে যে সকল সদস্যের ই-মেল আইডি রেজিস্টার্ড রয়েছে, ই-মেলের মাধ্যমে তাঁদেরকে এই এজিএম আহ্বানের নোটিসের কপি, তৎসহ সভায় যোগদান এবং রিমোট ই-ভোটিংয়ের নির্দেশাবলি পাঠানো হয়েছে। ২০২০-২১ অর্থবর্ষে কোম্পানির রিপোর্ট ও অ্যাকাউটসের কপি দেখার জন্য উক্ত ই-মেলে কোম্পানির ওয়েবসাইটের একটি লিঙ্কও দেওয়া হয়েছে। ইহার একটি কপি ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইণ্ডিয়া লিমিটেড (**NSE**) এবং বিএসই লিমিটেড (**BSE**) -এর ওয়েবসাইটেও দেওয়া আছে।

এই বিজ্ঞপ্তি এবং সভার নোটিস কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ **www.cesc.co.in**-এর পাশাপাশি স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইট অর্থাৎ, **NSE** ও **BSE** -এর যথাক্রমে **www.nseindia.com** ও **www.bseindia.com** এবং এনএসডিএল-এর ওয়েবসাইট **www.evoting.nsdl.com**-এ দেওয়া আছে।

এই কারণে কোম্পানির সদস্যদের রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বই ১১ আগস্ট, ২০২১ থেকে ১৮ আগস্ট, ২০২১ (উভয় তারিখ অন্তর্ভুক্ত) তারিখের মধ্যে বন্ধ থাকবে।

এই বিষয়ে আরো জানানো হচ্ছে যে, কোম্পানি তার সদস্যদের উপরোক্ত এজিএম-এর আলোচ্য বিষয়ের অন্তর্ভুক্ত সমস্ত প্রস্তাবে বৈদ্যুতিন পদ্ধতিতে ভোটাধিকার প্রয়োগের সুবিধা দেবে। সদস্যরা যে কোন স্থান থেকে এনএসডিএল-এর ইলেকট্রানিক ভোটিং সিস্টেম ব্যবহার করে নিজেদের ভোটদান করতে পারবেন। রিমোট ই-ভোটিং সুবিধার মাধ্যমে নিজের ভোটাধিকার প্রয়োগ না করে থাকলে এই সভায় অংশ নেওয়া সদস্যদের জন্য এজিএম চলাকালীন বৈদ্যুতিন উপায়ে ই-ভোটিং সুবিধার ব্যবস্থা থাকবে।

রিমোট ই-ভোটিং এর মাধ্যমে ভোট প্রদান সুবিধার সময়সীমা শুরু হবে শনিবার ১৪ আগস্ট, ২০২১, সকাল ৯টায় (ভারতীয় সময়) এবং শেষ হবে মঙ্গলবার ১৭ আগস্ট, ২০২১, বিকেল ৫টায় (ভারতীয় সময়)। উক্ত তারিখ ও সময়সীমার পরে রিমোট ই-ভোটিং অনুমোদিত হবে না।

নির্ধারিত (কাট-অফ) তারিখ অর্থাৎ ১১ আগস্ট, ২০২১ অবধি যে সমস্ত সদস্যের নাম রেজিস্টার অফ মেম্বারর্স/বেনিফিসিয়াল ওনার্স-এ পাওয়া যাবে কেবল তাঁরাই রিমোট ই-ভোটিংয়ের সুবিধা পাবেন বা সভায় ভোটদান করতে পারবেন।

ইলেকট্রনিক মোড, ফিজিক্যাল মোডে শেয়ার ধরে রাখা এবং নিজেদের ই-মেল আইডি রেজিস্টার করান নি এমন সদস্যদের জন্য রিমোট ই-ভোটিংয়ের পদ্ধতি এজিএম-এর নোটিসে দেওয়া আছে।

যে ব্যক্তি ফিজিক্যাল আকারে শেয়ার ধারণ করেন অথবা non-individual শেয়ারহোল্ডারগণ-যারা নোটিস প্রেরণের পরে কোম্পানির সদস্য হয়েছেন এবং নির্ধারিত তারিখে অর্থাৎ ১১ আগস্ট, ২০২১-এ শেয়ার ধারণ করছেন তাঁরা **evoting@nsdl.co.in** এবং **rnt.helpdesk@linkintime.co.in** এ অনুরোধ পাঠিয়ে ইউজার আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন। তবে কোনও সদস্য রিমোট ই-ভোটিংয়ের জন্য আগেই নথিভুক্ত থাকলে তিনি তাঁর বর্তমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ভোট দেবার জন্য ব্যবহার করতে পারেন। পাসওয়ার্ড ভুলে গেলে তিনি পাসওয়ার্ড রিসেট করতে পারেন **www.evoting.nsdl.com**-এ ''ফরগেট ইউজার ডিটেলস/পাসওয়ার্ড?'' অথবা ''ফিজিক্যাল ইউজার রিসেট পাসওয়ার্ড?'' অপশন ব্যবহার করে অথবা **www.evoting.nsdl.com**-এ অথবা **1800 1020 990/ 1800 22 44 30**-এ ফোন করে। ব্যক্তিগত শেয়ারহোল্ডারা যারা নোটিস প্রেরণের পরে কোম্পানির সদস্য হয়েছেন এবং নির্ধারিত তারিখে অর্থাৎ ১১ আগস্ট, ২০২১-এ শেয়ার ধারণ করছেন তাঁরা এজিএম সভার নোটিসে দেওয়া এই বিষয়ের নির্দেশিকা মেনে চলবেন।

কোম্পানির ওয়েবসাইট এবং এনএসডিএল-এর ওয়েবসাইটে প্রাপ্ত সভার এজিএম-এর নোটিসে ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাওয়ার বিস্তারিত পদ্ধতি পাওয়া যাবে।

যে সকল সদস্য রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে তাঁদের ভোট প্রদান করেছেন তাঁরা এজিএম-এর সভায় উপস্থিত থাকতে পারেন তবে সভাতে পুনরায় ভোট প্রদান করতে পারবেন না।

ডিমেটিরিয়ালইজড শেয়ার ধারক এবং নিজেদের ই-মেল আইডি রেজিস্টার করান নি এমন সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা সংশ্লিষ্ট ডিপোজিটরি পার্টিসিপ্যান্টগনের কাছ থেকে তা আপডেট/রেজিস্টার করিয়ে নেন এবং ফিজিক্যাল শেয়ারের ধারক সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে যাতে তাঁরা নিজস্ব ই-মেল আইডি আপডেট/ রেজিস্টার করার পাশাপাশি নিজের ফোলিও নম্বর, শেয়ারধারকের নাম ও প্যান কার্ডের একটি স্ব-স্বাক্ষরিত কপি কোম্পানির কাছে **cescagm2021@rpsg.in** বা লিঙ্কইনটাইমের কাছে **rnt.helpdesk@linkintime.co.in** আইডিতে ই-মেল করে পাঠান অথবা এগুলি **https://linkintime.co.in/emailreg/email_register.html** লিঙ্কে আপলোড করে দিন।

৯ ডিসেম্বর, ২০২০ তারিখে জারি করা লিস্টেড কোম্পানির ই-ভোটিং বিষয়ক সেবি-র নির্দেশিকা অনুযায়ী, ব্যক্তিগত সদস্যগণ যারা ডিম্যাট আকারে তাঁদের শেয়ার ধারণ করেন, তাঁরা তাঁদের ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট-এর কাছে খোলা ডিম্যাট অ্যাকাউন্ট-এর মাধ্যমেভোট দিতে পারেন। সদস্যদের অনুরোধ করা হচ্ছে যে তাঁরা যেন নিজেদের মোবাইল নম্বর ও ই-মেল আইডি সঠিকভাবে ডিম্যাট অ্যাকাউন্টে নথিভুক্ত করেন ই-ভোটিং-এর সুবিধা পাওয়ার জন্য।

ইলেকট্রনিক ভোটিং সম্পর্কিত যে কোনও জিজ্ঞাসা/অভিযোগের জন্য সদস্যগণ **www.evoting.nsdl.com**-এর ডাউনলোড সেকশানের প্রাপ্ত ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চনস্ (FAQs) এবং ই-ভোটিং ইউজার ম্যানুয়াল-এর সাহায্য নিতে পারেন মিস পল্লবী মহাত্রে, ম্যানেজার, এনএসডিএল বা টেলিফোন নং ১৮০০ ১০২০ ৯৯০/ ১৮০০ ২২ ৪৪ ৩০ -তে যোগাযোগ করুন এবং **evoting@nsdl.co.in** এ ই-মেল করুন ইলেকট্রনিক ভোটিং সম্পর্কিত অভিযোগ জানানোর জন্য। সদস্যগণ কোম্পানির কাছেও সরাসরি লিখতে পারেন ঃ ই-মেল আইডি **cescagm2021@rpsg.in** - বা ফোন করুন ঃ ০৩৩-৬৬৩৪০৭৫৪/ ০৩৩-৬৬৩৪০৬৮৪/০৩৩-৬৬৩৪০৮১৪

সিইএসসি লিমিটেড-এর পক্ষে
জগদীশ পাত্র
কোম্পানি সেক্রেটারি

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৩ জুলাই, ২০২১

JAGDISH PATRA
Digitally signed by JAGDISH PATRA
Date: 2021.07.24 13:46:01 +05'30'